# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৫৭

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রাত্রিতে দাফন করা।

## باب مَا جَاءَ فِي الدَّفْنِ بِاللَّيْلِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، وَمُحَمَّدُ بْنُ عَمْرٍو السَّوَّاقُ، قَالاَ حَدَّثَنَا يَحْيَى بْنُ الْيَمَانِ، عَنِ الْمِنْهَالِ بْنِ خَلِيفَةَ، عَنِ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةَ، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم دَخَلَ قَبْرًا لَيْلاً فَأُسْرِجَ لَهُ سِرَاجٌ فَأَخَذَهُ مِنْ قِبَلِ الْقِبْلَةِ وَقَالَ " رَحِمَكَ اللَّهُ إِنْ كُنْتَ لأَوَّاهًا تَلاَّءً لِلْقُرْآنِ " . وَكَبَّرَ عَلَيْهِ أَرْبَعًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَيَزِيدَ بْنِ ثَابِتٍ وَهُوَ أَخُو زَيْدِ بْنِ ثَابِتٍ أَكْبَرُ مِنْهُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا وَقَالُوا يُدْخَلُ الْمَيِّتُ الْقَبْرَ مِنْ قِبَلِ الْقِبْلَةِ . وَقَالَ بَعْضُهُمْ يُسَلُّ سَلاًّ . وَرَخَّصَ أَكْثَرُ أَهْلِ الْعِلْمِ فِي الدَّفْنِ بِاللَّيْلِ .

বাংলা

১০৫৭. আবূ কুরায়ব, মুহাম্মাদ ইবনু আমর আস-সাওয়াক (রহঃ) .... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি কবরে রাত্রিতে প্রবেশ করলেন। তাঁর জন্য একটি বাতি জ্বালানো হলো। অনন্তর মুর্দাকে কিবলার দিক থেকে হাতে নিলেন এবং বললেন, তোমাকে আল্লাহ্ রহম করুন, তুমিতো (আল্লাহর ভয়ে) অত্যন্ত রোদনকারী এবং খুব কুরআন তিলাওয়াতকারী ছিলে এবং তিনি (তার জানাযায়) চারবার তাকবীর বললেন। - মিশকাত ১৭০৬, তিনি কবরে রাত্রিতে প্রবেশ করলেন এ অংশটুকু হাসান, আহকামুল জানাইয, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৫৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ও ইয়াযীদ ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইয়াযীদ ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহু হলেন যায়দ ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহু এর ভাই। তিনি বয়সে তাঁর থেকে বড় ছিলেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। কোন কোন আলিম এ মত অবলম্বন করেছেন। তাঁরা বলেন, মুর্দাকে কিবলার দিক থেকে কবরে নামান হবে। অধিকাংশ আলিম রাত্রিতে দাফনের অনুমতি দিয়েছেন।

## English

Ibn Abbas narrated:
"The Prophet entered a grave during the night, so a torch was lit for him. He took it (the deceased) in from the direction of the Qiblah, and he said: 'May Allah have mercy upon you, you were often invoking (Allah) by reciting the Qur'an.' And he said: 'Allahu Akbar four times."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18246

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন